**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**6 SEPTEMBER 2025** **7:35 AM IST**

==================================================================

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেছেন যে নতুন সামগ্রী ও সেবা কর ব্যাবস্থা জনসাধারণের জীবন ধরাণের মান উন্নত করবে এবং এই ব্যবস্থা মূলধন ব্যয়ে প্রভাব ফেলবে না । শ্রীমতি সীতারমণ বলেন যে ৯৯ শতাংশ সামগ্রী ও সেবা কর শূণ্য অথবা ৫ থেকে ১৮ শতাংশের মধ্যে রাখা হয়েছে । তিনি আরো বলেন যে পেট্রোলিয়ামজাত সামগ্রী ও সুরাকে বর্তমানের জি এস টির আওতার বাইরে রাখা হয়েছে । আমেরিকা ৫০ শতাংশ শুলক আরোপ করার ফলে প্রভাব পরা রপ্তানীকারীদের সুবিধার্থে কেন্দ্রীয় সরকার ব্যাবস্থা গ্রহণ করেছে বলে শ্রীমতি সীতারমণ জানান ।

---

সরকার কাঁচা কার্পাস তূলোর উপর আরোপিত আমদানি শুল্ক রেহাইয়ের মেয়াদ আগামী ৩০শে সেপ্টেম্বর থেকে বাড়িয়ে ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত করেছে । কেন্দ্রীয় অর্থ মন্ত্রক জানিয়েছে যে- দেশের বস্ত্র শিল্প ক্ষেত্রের জন্য কার্পাস তূলোর প্রাপ্তি সুনিশ্চিত করার উদ্দেশ্যে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এর আগে সরকার গত ১৯ আগস্ট থেকে আগামী ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত কার্পাস সূলোর উপর আরোপিত আমদানি শুল্ক সাময়িকভাবে রেহাই দেওয়ার কথা ঘোষণা করেছিল ।

আসাম সরকারের মাতৃ-পিতৃ বন্দনা প্রকল্পের অধীনে রাজ্য কর্মচারীদের জন্যে বিশেষ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা হয়েছে । এই সম্পর্কে সাধারণ প্রশাসন বিভাগের জারি করা নির্দেশ অনুসারে আগামী ১৪ এবং ১৫ নভেম্বর কর্মচারীরা এই বিশেষ নৈমিত্তিক ছুটি লাভ করবেন । এরফলে কর্মচারীরা আগামী ১৬ নভেম্বর অর্থাৎ রবিবার দিনটিও মাতৃ-পিতৃ বন্দনার জন্যে ব্যবহার করতে পারবেন বলে নির্দেশটিতে উল্লেখ করা হয়েছে ।

---

আসাম পুলিশকে দেশের প্রথম পাঁচটি পুলিশ বাহিনীর মধ্যে অর্ন্তভুক্ত করার লক্ষ্যে কাজ করা হচ্ছে বলে আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং জানিয়েছেন ।

গতকাল কাছাড় জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা সম্পর্কিত এক গুরুত্বপূর্ণ বৈঠকে অংশ গ্রহণ করে তিনি একথা জানান । এতে জেলার সব উচ্চপদস্থ পুলিশ আধিকারিক সহ প্রতিটি থানার ভারপ্রাপ্ত আধিকারিকরা উপস্থিত ছিলেন । বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে সঞ্চালক প্রধান শ্রী সিং বলেন যে-এরজন্যে পুলিশ বাহিনীর নিরাপত্তা সংক্রান্ত পরিকাঠামো ব্যবস্থা এবং পরিষেবার উন্নয়ন সম্পর্কে গুরুত্ব দেওয়া হয়েছে । জনসাধারণকে সুরক্ষা দেওয়া সহ দ্রুততার সঙ্গে সেবা প্রদানই আসাম পুলিশের মূল লক্ষ্য বলে তিনি উল্লেখ করেন । আসামে অনুপ্রবেশকারী রোধ করার ক্ষেত্রে আসাম পুলিশ সর্বদা সক্রিয় রয়েছে বলেও তিনি জানান ।

---

কয়েকটি রাজনৈতিক দলের সমর্থন এবং নাগরিক সুরক্ষা মঞ্চ আহুত আজ শ্রীভূমি জেলায় ১২ ঘন্টার ধর্মঘটের পরিপ্রেক্ষিতে শ্রীভূমি জেলা মেজিষ্ট্রেট আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ওই জেলায় বেশকিছু নিষেধাজ্ঞা

জারী করেছেন । এই অনুসারে জেলায় অনুমতি ছাড়া ৫ বা ততোধিক ব্যাক্তির সমাবেশ , কোন সংস্থা সংগঠনের দ্বারা কোন ধরণের ধর্ণা , বন্ধ , র‍্যালী , প্রদর্শন ইত্যাদী প্রতিবাদী কার্যসূচি বেআইনী বলে ঘোষণা করা হয়েছে । এছাড়াও , অনুমতি ছাড়া লাউড স্পিকার ব্যবহার ছাড়াও বেআইনী অস্ত্র-শস্ত্র ইত্যাদি নিয়ে রাস্তায় চলাফেরা করা যবে না বলেও নির্দেশনায় উল্লেখ করা হয়েছে । তবে সরকারী কর্মী এবং জরুরী সেবা এই নির্দেশনার বাইরে থাকবে বলেও উল্লেখ করা হয়েছে

---

শ্রীভূমি জেলায় মিশন বসুন্ধরার তৃতীয় পর্য্যায়ের অধীনে পাঁচ জন জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম সহকারী নিয়োগের জন্য আগামী ১৯শে সেপ্টেম্বর সকাল ৯টা থেকে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে একটি ওয়াক -ইন-ইন্টারভিউ অনুষ্ঠিত হবে । এই পদের জন্য প্রার্থীদের মধ্যে যাদের প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা রয়েছে , তাদেরকে নির্দিষ্ট সময়ে সিলেকশন কমিটির সামনে উপস্থিত থাকতে বলা হয়েছে । প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা জিওগ্রাফি বা মেথমেটিক্স বা জিও ইনফরমেটিক্স বা ফিজিক্স বা কমপিউটার সায়েন্সে স্নাতক ডিগ্রী বা জি আই এস ও রিমোট সেনসিং ক্ষেত্রে ডিপ্লোমা থাকতে হবে । প্রার্থীদের বয়স চলতি বছরের পয়লা জানুয়ারী ২১ বছর থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে । এই পদে মাসিক ২৫ হাজার টাকা পারিশ্রমিক প্রদান করা হবে । বিশদ বিবরণ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের নোটিশ বোর্ড বা জেলা প্রশাসনের সরকারী ওয়েব সাইটে পাওয়া যাবে ।

---

অধিবক্তা পরিষদ কাছাড় জেলা শাখার উদ্যোগে আগামীকাল শিলচর মহিলা কলেজের প্রেক্ষাগৃহে একদিবসীয় কর্মশালার আয়োজন করা হয়েছে ।

কর্মশালায় দুটি অধিবেশন রয়েছে । প্রথম অধিবেশন সকাল ১১ টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এবং দ্বিতীয় অধিবেশন বেলা আড়াইটা থেকে থেকে বিকেল ৫ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে । এতে বিশিষ্ট বক্তারা বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর প্রাসঙ্গিক বক্তব্য রাখবেন ।

---

ত্রিপুরার আগরতলায় আয়োজিত য়নেক্স উত্তর-পূর্ব মন্ডল আন্তঃরাজ্য বেডমিন্টন প্রতিযোগীতায় আসামের পুরুষ ও মহিলা উভয় দল চ্যাম্পিয়নের খেতাব অর্জন করেছে । গতকাল অনুষ্ঠিত পুরুষের দলগত ফাইনালে আসাম মণিপুরকে ৩-১ এর ব্যাবধানে পরাজিত করে । এদিকে মহিলাদের দলগত শাখার ফাইনালেও আসাম তীব্র প্রতিদ্বন্দিতার শেষে মণিপুরকে ৩-২ এর ব্যাবধানে পরাজিত করে ।

---